

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 13/12/2025**

**Desk in Charg:- Susmita M.**

**Time: 7-50 PM**

**Compiling:- Sudip B.**

**DEO: KB**

**NRT: Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর -**

১/ আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির কলকাতা সফরকে কেন্দ্র আজ রণক্ষেত্র হয়ে ওঠে যুবভারতী ক্রীড়াঙ্গণ। # মূল উদ্যোক্তা শতদ্রু দত্ত গ্রেপ্তার। #তদন্ত কমিটি গঠনের নির্দেশ, মুখ্যমন্ত্রীর।

২/ যুবভারতীতে চূড়ান্ত বিশৃঙ্খলা ও ভাঙচুরের জন্য আয়োজক ও স্পনসরদের দায়ী করে রাজ্য সরকারের কাছে জবাব চেয়েছেন, রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

৩/ রাজ্যে ভোটের তালিকার নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় ৩১ লক্ষ ৩৮ হাজারের বেশী ভোটারকে গুনানিতে ডাকা হবে বলে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন।

৪/ সন্দেহখালিতে শাজাহান শেখের বিরুদ্ধে মামলার প্রধান সাক্ষী তোলা ঘোষ-কে খুনের চেষ্টার অভিযোগে পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে।

৫/ SSC-এর মাধ্যমে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সুপ্রিম কোর্টে আরও সময় চেয়েছে শিক্ষা দফতর।

\*\*\*\*\*

আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির কলকাতা সফরকে কেন্দ্র করে আজ রনক্ষেত্র হয়ে উঠে কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গন। চড়া মূল্যে অগ্রিম টিকিট কেটেও মেসিকে দেখতে না পেয়ে ক্ষোভে ফেটে পড়েন দর্শকরা।

এদিন সকাল ১১টা নাগাদ লিওনেল মেসির যুবভারতীতে একটি অনুষ্ঠানে যোগ দেবার কথা ছিলো। সাড়ে ১১টা নাগাদ তিনি সেখানে পৌঁছেন। তাঁর সঙ্গে ছিলেন লুইস সুয়ারেজ এবং রদ্রিগো ডি'পল। গাড়ি থেকে নামার সঙ্গে সঙ্গে বেশ কিছু মানুষ ঘিরে ধরেন তাঁকে। ফলে গ্যালারি থেকে প্রায় ২০ মিনিট মেসিকে দেখাই যায়নি। এক সময় ক্ষুব্ধ ফুটবলপ্রেমীরা উত্তেজিত হয়ে স্লোগান দিতে শুরু করেন। মোটা টাকায় টিকিট কেটে গিয়েও প্রিয় তারকাকে দেখতে না-পাওয়ায় গ্যালারি থেকে ছোঁড়া হয় জলের বোতল, ভেঙে ফেলা হয় স্ট্যান্ডের বাকেট চেয়ার। ফেন্সিংয়ের গেট ভেঙে শয়ে শয়ে দর্শক ঢুকে পড়েন মাঠের মাঠের মধ্যে। পুলিশ লাঠিচার্জ করে তাঁদের গ্যালারিতে ফেরানোর চেষ্টা করলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসেনি। এর পর নিরাপত্তার স্বার্থে মেসিকে স্টেডিয়াম থেকে বের করে নিয়ে যায় পুলিশ। মেসি বেরিয়ে যাবার পর ক্ষোভে ফেটে পড়ে দর্শকরা। ব্যপক ভাঙচুর চলে মাঠের বিভিন্ন অংশে।

একটি প্রতিবেদন-

( ভয়েস কাস্ট- অভিরূপ )

স্টেডিয়াম থেকে বেরিয়ে এক দর্শক জানালেন মোটা টাকা খরচ করে টিকিট কেটে তিনি প্রতারণিত হয়েছেন-

( বাইট- দর্শক )

\*\*\*\*\*

যুবভারতীতে ক্রীড়াঙ্গনে বিশৃঙ্খলার অভিযোগে মূল উদ্যোক্তা শতদ্রু দত্তকে কলকাতা বিমানবন্দর থেকে আটক করে জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এক সাংবাদিক সম্মেলনে বলেন, উদ্যোক্তাদের টাকা ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

( Byte –রাজীব কুমার)

এডিজি আইন শৃঙ্খলা জাভেদ শামিম জানিয়েছেন, ঘটনার তদন্ত শুরু হয়েছে।

রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস আজকের পরিস্থিতির জন্য অনুষ্ঠানের আয়োজক এবং স্পন্সরদের সরাসরি দায়ী করেছেন। একে কলকাতার ক্রীড়াপ্রেমী মানুষদের জন্য কালো দিন বলে উল্লেখ করে রাজ্যপাল সমগ্র বিষয়টির বিচার বিভাগীয় তদন্ত করতে বলেছেন তিনি। রাজ্যপাল আজ সন্ধ্যায় যুবভারতী ক্রীড়াঙ্গনে গিয়ে ক্ষয়ক্ষতি পর্যালোচনা করেন। চূড়ান্ত অব্যবস্থার জন্য তিনি রাজ্য সরকারের কাছে জবাব চেয়েছেন বলে সাংবাদিকদের কাছে জানিয়েছেন রাজ্যপাল বোস।

( বাইট- রাজ্যপাল )

\*\*\*\*\*

বিজেপি যুবভারতীতে লিওনেল মেসির অনুষ্ঠানে চূড়ান্ত অব্যবস্থার জন্য মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির রাজত্ব মানে চূড়ান্ত নৈরাজ্য আর অব্যবস্থা।

( বাইট- সুকান্ত )

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ফুটবলপ্রেমী দর্শকদের সঙ্গে বিশ্বাসঘাতকতা হয়েছে বলে অভিযোগ করেছেন। এই ঘটনায় সমগ্র বিশ্বের সামনে রাজ্যের সম্মানহানির জন্য মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবির পাশাপাশি বিরোধী দলনেতা দর্শকদের টিকিটের দাম সম্পূর্ণ ফেরত দেওয়ার দাবি জানান। পাশাপাশি ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাস ও মন্ত্রী সুজিত বসুর গ্রেফতারিরও দাবি জানিয়েছেন শুভেন্দু বাবু।

প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় বলেন, তৃণমূল কংগ্রেসের নেতা-মন্ত্রীরা সব অনুষ্ঠানকেই দলীয় কর্মসূচি মনে করে নিজেদের দখলে আনতে চায়।

যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকে নিয়ে সৃষ্ট পরিস্থিতি অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং কলকাতার লজ্জা বলে সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। এই ঘটনার জন্য তিনি সরকারের কর্তা ব্যক্তিদের দায়ী করেন।

\*\*\*\*\*

রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজার ৩৭৪ জন ভোটারকে শুনানিতে ডাকা হবে। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আজ আকাশবাণীকে একথা জানিয়ে বলেন, গত ২০০২ এর ভোটের তালিকার সঙ্গে এই সংখ্যক ভোটারের ম্যাপিং হয় নি। বাইট অরিন্দম নিয়োগী।

( বাইট- অরিন্দম নিয়োগী )

\*\*\*\*\*

১৫ই ডিসেম্বর থেকে বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একইসঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে শাজাহান শেখের বিরুদ্ধে মামলার প্রধান সাক্ষী তোলা ঘোষ-কে খুনের চেষ্টার অভিযোগে পুলিশ এক জেলা পরিষদ সদস্য সহ দুজনকে গ্রেপ্তার করেছে। ধৃত উত্তর সর্দার-কে দক্ষিণ ২৪ পরগণার পোলেরহাট এলাকা থেকে গ্রেপ্তার করে পুলিশ। ওই ব্যক্তি উত্তর ২৪ পরগণা জেলা পরিষদের সদস্য। পাশাপাশি সন্দেশখালির সরবেরিয়া এলাকা থেকে রুহুল কুদ্দুস তরফদার নামে একজনকে গ্রেফতার করে ন্যাজাট থানার পুলিশ।

দু'জনকেই আজ বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে, বিচারক তাদের পুলিশ হেফাজতে পাঠান।

\*\*\*\*\*

SSC-এর মাধ্যমে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সুপ্রিম কোর্টে আরও সময় চেয়েছে শিক্ষা দফতর। স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরি বাতিলের মামলায়, সুপ্রিমকোর্টের বেঁধে দেওয়া সময় ৩১ ডিসেম্বরের মধ্যে নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব নয় বলে জানিয়েছে তারা। নবম-দশম ও একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগের পাশাপাশি শিক্ষাকর্মী নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করতে তাই আরো কয়েক মাস সময় লাগবে বলে জানিয়েছে শিক্ষা দপ্তর।

\*\*\*\*\*

জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল (রবিবার) সকাল ৬টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সবধরনের গাড়ি চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে।

\*\*\*\*\*

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন আবহাওয়া মূলতঃ শুষ্কই থাকবে। কিছু কিছু জায়গায় সকালের দিকে কুয়াশার সম্ভাবনা।

এদিকে, কলকাতার তাপমাত্রা আজ সামান্য বেড়েছে। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস- প্রায় স্বাভাবিক। সর্বোচ্চ তাপমাত্রা ছিল- স্বাভাবিকের চেয়ে এক দশমিক দুই ডিগ্রি কম- ২৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস।

দার্জিলিং পাহাড়ের তাপমাত্রা ছিল ৬'দশমিক ৬' ডিগ্রি সেলসিয়াস। আগামী কয়েকদিন সেখানেও ভারী কুয়াশা দেখা দিতে পারে।

\*\*\*\*\*